ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
ওয়েব সাইটঃ www.bangladeshbank.org.bd

সার্কুলার লেটার নং-০১

তারিখ : ১৭ শ্রাবণ, ১৪১৮
০১ আগষ্ট, ২০১১

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস

প্রিয় মহোদয়,

**শিপিং কোম্পানী/শিপিং এজেন্ট কর্তৃক শিপার্স কাউন্সিল অব বাংলাদেশ (SCB) কে ০.৫০% Freight Brokerage Charge প্রদান প্রসংগে।**

শিরোনামোক্ত বিষয়ে Guidelines For Foreign Exchange Transactions,2009(vol-1), এর Chapter 10 para 2B তে বর্ণিত নিদের্শনার প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। বিষয়টির সার্বিক বিচার বিশ্লেষনের পর নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা যাচ্ছে ঃ-

(ক) এডি ব্যাংক শাখাসমূহ তাদের গ্রাহক শিপিং কোম্পানী/শিপিং এজেন্ট কর্তৃক ব্যয় বিবরণীতে প্রদর্শিত ০.৫০% ফ্রেইট ব্রোকারেজ চার্জ যথানিয়মে শিপার্স কাউন্সিল অব বাংলাদেশ (SCB) কে পরিশোধের বিষয়টি নিশ্চিত হয়ে প্রিন্সিপালের অনুকুলে ''ব্যয়াতিরিক্ত আয়'' প্রেরণ করবে। পাশাপাশি আয়-ব্যয় সংক্রান্ত ত্রৈমাসিক বিবরণী ঘটনোত্তর পরীক্ষণের জন্য বাংলাদেশ ব্যাংকে প্রেরণকালে ফ্রেইট ব্রোকারেজ চার্জ বাবদ অর্থ পরিশোধের স্বপক্ষে প্রয়োজনীয় দালিলিক প্রমাণ দাখিল করবে।

(খ) ইতোপূর্বে যদি কোন সংশ্লিষ্ট এডি ব্যাংক শাখা ০.৫০% ফ্রেইট ব্রোকারেজ চার্জ কর্তন ব্যতিরেকে তাদের গ্রাহক শিপিং কোম্পানী/শিপিং এজেন্ট এর ''ব্যয়াতিরিক্ত আয়'' অনিবাসী প্রিন্সিপালের অনুকুলে প্রেরণ করে থাকে তাহলে অনাদায়ী সমুদয় পাওনা পরবর্তী ত্রৈমাসিকের হিসাবায়ন থেকে সমন্বয় করতঃ শিপার্স কাউন্সিল অব বাংলাদেশ (SCB) কে পরিশোধ করবে ।

(গ) যে সকল এডি ব্যাংক শাখা শিপার্স কাউন্সিল অব বাংলাদেশ এর অনুকূলে পরিশোধ্য ফ্রেইট ব্রোকারেজ চার্জ বাবদ অর্থ ''অবরূদ্ধ হিসাবে'' সংরক্ষণ করেছে তা পরিশোধের নিমিত্তে যথাযথ দলিলাদিসহ পূর্বানুমোদন গ্রহণের লক্ষ্যে অত্র বিভাগে দাখিল করবে এবং পূর্বানুমোদন গ্রহণপূর্বক হালনাগাদ ফ্রেইট ব্রোকারেজ চার্জ (বকেয়াসহ) শিপার্স কাউন্সিল কর্তৃক পরিচালিত বৈধ হিসাবে স্থানান্তরপূর্বক দালিলিক প্রমাণসহ অত্র বিভাগকে অবহিত করবে ।

০২। উপরোক্ত নির্দেশনাসমূহ আপনাদের সংশ্লিষ্ট অনুমোদিত ডিলার শাখাসমূহকে অবহিত করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত

(এ,কে এম মোছাদ্দিকুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৬৪৮০০